গাংনীতে ফায়ার সার্ভিস সপ্তাহ পালিত

১৯-২১ অক্টোবর সারা দেশে ফায়ার সার্ভিস সপ্তাহ উদযাপিত হয়েছে। এরই ধারাবাহিকতায় মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের উদ্যোগে ফায়ার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকালে বেলুন উড়িয়ে ফায়ার সপ্তাহ উদ্বোধন করা হয়।

ফায়ার সার্ভিস অফিসের স্টেশন অফিসার ইছাহক আলী বিশ^◌াসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ। প্রধান অতিথি বামন্দি ফায়ার সার্ভিস অফিসে পৌঁছুলে টিম লিডার মহিউদ্দিনের নেতৃত্বে তাঁকে গার্ড অফ অনার প্রদর্শন করা হয়। প্রধান অতিথি পতাকা উত্তোলন ও সম্মান গ্রহণ করেন।

এ বছর সপ্তাহের প্রতিপাদ্য বিষয় হচ্ছে ”প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুতি, দুর্যোগ মোকাবিলায় আনবে গতি”। ফায়ার সপ্তাহ উপলক্ষে গাড়ি বহর মহড়া বামন্দি বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ ও কয়েকটি মিল কারখানা পরিদর্শন করা হয়। স্টেশনে ফিরে আগুন নিয়ন্ত্রণে পরিবারের সদস্যদের প্রাথমিক করনীয় বিষয়ে সংক্ষিপ্ত মহড়া প্রদর্শন করা হয়।

আকতারুজ্জামান
মেহরপুর
০১৭১৩৯১৪১৭৪

গাংনীতে মুক্তিযোদ্ধা আব্দুর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

লেগে যায়। স্থানীয়রা এবং বামন্দি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের সদস্যদের প্রায় দেড় ঘন্টা প্রচেষ্টার ফলে আগুন নিয়ন্ত্রণে আসে।

ততক্ষণে ঘরে থাকা নগদ তিন লাখ টাকা, ঘরসহ মালামাল পুড়ে ভস্মিভূত হয়ে যায়। জাফর আলী চাঁদপুর (দুলালনগর) গ্রামের মরহুম আব্দুর রহিমের ছেলে।
ক্ষতিগ্রস্থ ঘরমালিক জাফর আলী আরো জানান, আগুনে নগদ টাকাসহ মোট ১০ লাখ টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে। আগুনে তাকে সর্বশান্ত করে দিয়েছে। তিনি সরকারী ও স্থানীয়দের সাহায্য ও সহযোগিতা কামনা করেছেন।

বামন্দি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিসেন্স ষ্টেশন অফিসার ইছাহক আলী বিশ্বাস জানান, বুধবার বিকেল পৌনে চারটার দিকে আগুনের সংবাদ পেয়ে চাঁদপুর (দুলালনগর) গ্রামে জাফর আলী বাড়ীতে যায়। সেখানে প্রায় দেড় ঘন্টা প্রচেষ্টার ফলে আগুন নিয়ন্ত্রণে আসে।

তবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে এ আগুনের সূত্রপাত বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে।

গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান জানান, চাঁদপুর (দুলালনগর) গ্রামে আগুনের সংবাদ পেয়ে তাৎক্ষণিক ভাবে পুলিশ পাঠানো হয়েছে। তবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

বিশ্ব টয়লেট দিবস আজ, কুষ্টিয়ায় নেই কোন গণশৌচাগার

শতভাগ টয়লেট সুবিধা নিশ্চিতকরণের বিষয়টি মাথায় রেখে বিশ্বের বিভিন্ন দেশে আজ বিশ্ব টয়লেট দিবস পালনের উদ্যোগ নেওয়া হয়েছে।

কুষ্টিয়ায় স্যানিটেশন কার্যক্রমকে শতভাগ সফলের দাবি নিয়ে বেসরকারি কয়েকটি সংগঠন দিবসটি পালন করেছে।

কুষ্টিয়া শহরে গণশৌচাগার নেই বললেই চলে। এনএস রোডের থানার পাশে একটি গণশৌচাগার ছিলো, সেটি এখন আর নেই। এছাড়াও পৌর সুপার মার্কেটের গণশৌচাগার এবং কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডসহ বিভিন্ন ওয়ার্ডের টয়লেট ব্যবস্থার বেহাল দশা।

কুষ্টিয়ার বিভিন্ন বাসস্ট্যান্ড, রেলওয়ে স্টেশনসহ গুরুত্বপূর্ণ স্থানেও গণশৌচাগার নেই। যদিওবা কিছু আছে সেগুলোও অস্বাস্থ্যকর পরিবেশে প্রতিদিন শত শত মানুষ ব্যবহার করছে। সংখ্যায় অপ্রতুল ছাড়াও সেগুলেতে নারী-পুরুষের আলাদা ব্যবস্থা জোরদার নয়।

এমতাবস্থায় সার্বিকভাবে মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হলে স্যানিটেশন কার্যক্রম জোরদার করে সরকারের প্রতিষ্ঠানগুলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন সংশ্লিষ্টরা। তারা মনে করেন, শপিং মল ও পাবলিক স্পেস তৈরির অনুমোদনের সময় গণশৌচাগার ব্যবস্থা সুনিশ্চিত করতে কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা নিতে হবে।

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট বিএম বাবু গণশৌচাগারে স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত এবং সংখ্যা বাড়ানোর আহ্বান জানিয়ে বলেন, স্বাস্থ্য সম্মত টয়লেট সুবিধা না থাকায় ডায়রিয়া, কলেরাসহ অন্যান্য পানিবাহিত রোগে আক্রান্তের হার বাড়ছে। তাই সঠিক স্যানিটেশন ব্যবস্থায় ভবিষ্যৎ প্রজন্মের সুস্বাস্থ্য নিশ্চিতের পাশাপাশি শিশু মৃত্যুর হার কমানো সম্ভব বলেও তিনি মনে করেন।

সাফের নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক বলেন, স্যানিটেশন সুবিধা পাওয়া মানুষের মৌলিক অধিকার। মজমপুর বাসস্ট্যান্ড, জেলা প্রশাসকের কার্যালয়, জজকোর্টসহ এনএস রোডের বিভিন্ন মার্কেটে গণশৌচাগার নেই। এছাড়াও বিভিন্ন উপজেলা থেকে প্রতিদিন হাজার হাজার মানুষ আসা যাওয়া করলেও তাদের জন্য সঠিক টয়লেটের কোন ব্যবস্থা নেই। জেলা প্রশাসন ও পৌরসভার পক্ষ থেকে গণশৌচাগারের সংখ্যা বৃদ্ধি এবং রক্ষণাবেক্ষনের দাবি জানান তিনি।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় গরু ব্যবসায়ীর মৃত্যু

আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের কালিদাসপুর আসাননগর ব্রীজের নিকট সড়ক দুর্ঘটনায় এক গরু ব্যবসায়ী নিহত হয়েছেন। আহত হয়েছেন আরো দুজন। নিহত আলমগীর হোসেন কুষ্টিয়ার আবদালপুর গ্রামের মৃত শামসুল বিশ্বাসের ছেলে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল বুধবার দুপুরে চুয়াডাঙ্গা-কুষ্টিয়া মহাসড়কে কুষ্টিয়া থেকে আসা একটি গরুটানা ট্রলির চাকা সড়কের একটি গর্তে আটকে গেলে পেছন থেকে আসা একটি পাওয়ারটিলার ওই ট্রলিকে ধাক্কা দেয়। এতে আলমগীর হোসেন গাড়ি থেকে ছিটকে সড়কের উপর পড়ে যান।

পেছনের পাওয়ারটিলার নিয়ন্ত্রণ হারিয়ে আলমগীর হোসেনের শরীরের উপরে উঠে পড়লে ঘটনাস্থলেই তিনি মারা যান। গরুটানা ট্রলিটি কুষ্টিয়ার আবদালপুর গ্রাম থেকে গরু নিয়ে আলমডাঙ্গার পশুহাটে আসছিল।

এ ঘটনায় আহত হয়েছেন একই এলাকার আশরাফুল ও ফিরোজ হোসেন। স্থানীয়রা আহত দুজনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।

আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পাওয়ারটিলারটি হেফাযতে নেয় এবং নিহত আলমগীর হোসেনের লাশ তার পরিবারের কাছে হস্তান্তর করে। পুলিশ ঘাতক পাওয়ারটিলারটিকে থানায় নিলেও এর চালক পলাতক রয়েছে।

কালীগঞ্জে শেখ হেলালের মাতার স্মরণে দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জে বাগেরহাট ১ আসনের সংসদ সদস্য শেখ হেলালের মাতা ও শহীদ আবু নাসের এর সহধর্মিনীর রূহের মাগফেরাত কামনায় এক

দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যা ৭ টায় বঙ্গবন্ধু পরিষদের কালীগঞ্জ শাখার কার্যালয়ে কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগ এর সভাপতি ও সাবেক সংসদ সদস্য আব্দুল মান্নানের নির্দেশনায় এবং বঙ্গবন্ধু পরিষদের সভাপতি আব্দুর রশিদ খোকনের আয়োজনে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মাহফিলে উপস্থিত ছিলেন সংগঠনের দপ্তর সম্পাদক জিয়া কাশেম আজাদ, জাদোব বিশ্বাস, এনামুল হক আশু, মো আব্দুল মান্নান, মাসুদ রানা, কালীগঞ্জ পৌরসভার ১ নং ওয়ার্ডের কমিশনার তপন সাহেব, ৯নং ওয়ার্ডের কমিশনার মাজেদ আলীসহ আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা।

দোয়া মাহফিলে বক্তারা শেখ হেলালের মাতার বর্ণাঢ্যময় জীবনের স্মৃতিচারণ করেন।

ফুল বাগান রাতারাতি হয়ে গেল ভেষজ বাগান!

ঝিনাইদহের কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করলেন স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মহাপরিচালক (প্লানিং) অধ্যাপক ডাঃ মীরজাদী সাবরিনা ফ্লোরা।

গতকাল বুধবার সকাল ১১ টায় ডাঃ ফ্লোরা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে আসেন। এ সময় তিনি ৪০ মিনিট স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থান করেন। ডাঃ ফ্লোরা স্বাস্থ্য কমপ্লেক্সের আউট ডোর, ইনডোর, ফ্লু কর্ণার, আইসিডি কর্ণার সহ বিশেষ কর্ণার গুলো পরিদর্শন করেন।

এদিকে স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মহাপরিচালকের আগমন উপলক্ষে স্বাস্থ্য কমপ্লেক্সের ফুল বাগান রাতারাতি ভেষজ বাগানে পরিণত করেছেন কর্তৃপক্ষ। ফলে পরিদর্শনে অ-সন্তোষ প্রকাশ করেছেন অতিরিক্ত মহাপরিচালক ডাঃ ফ্লোরা।

জানা যায়, স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে একটি ভেষজ বাগান ছিল। যা কমপ্লেক্সের নতুন ভবন নির্মাণ করতে গিয়ে কেটে ফেলা হয়। হঠাৎ করে ডাঃ ফ্লোরা পরিদর্শনে আসবেন এমন সংবাদে ভেষজ বাগান দেখাতে গিয়ে স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে থাকা ফুল বাগানকে ভেষজ বাগানে পরিণত করা হয়েছে।

পরিদর্শনের এক ফাকে ডাঃ ফ্লোরা দেখতে আসেন সেই ভেষজ বাগান। প্রশ্ন তোলেন বরাদ্দের টাকা নিয়ে। বলেন, ভেষজ বাগান নাই। তাহলে বরাদ্দকৃত টাকা দিই কেন ?

এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের অসংক্রামক রোগের পাইলটিং প্রজেক্ট পরিদর্শনে আসেন স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মহাপরিচালক। পরিদর্শনে তিনি সন্তোষ প্রকাশ করলেও ভেষজবাগান নিয়ে অ-সন্তোষ প্রকাশ করেছেন।

তিনি আরও বলেন, নতুন ভবন নির্মাণের জন্য ভেষজ বাগান কেটে ফেলা হয়। এ জন্য ২০১৯ সালে বরাদ্দ আসে। এরপর আর কোন টাকা আসেনি।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, আবাসিক মেডিকেল অফিসার ডাঃ ফারুক হোসেন, মেডিকেল অফিসার ডাঃ কৃষ্ণ কমল পাল সাগর, ডাঃ নির্ঝর সাহা, ডাঃ রমিজ উদ্দিন তপু প্রমুখ।

কুষ্টিয়ায় শেখ রাসেল সেতুর কাছে আবার খনন, ভাঙনের শঙ্কা

কুষ্টিয়া শহর সংলগ্ন শেখ রাসেল কুষ্টিয়া-হরিপুর সংযোগ সেতুর প্রতিরক্ষা বাঁধের ধস অব্যাহত আছে। সেতুর অদূরে গড়াই নদীর মাঝ বরাবর পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) খননযন্ত্রে বালু তোলা হচ্ছে।

প্রায় দেড় মাস আগে সেতুর ১০০ মিটার ভাটিতে হরিপুর প্রান্তে প্রতিরক্ষা বাঁধে ফাটল ধরাতে সিমেন্টের ব্লক নদীতে চলে যেতে থাকে। সেতুর প্রায় ৮০ মিটারের মধ্যেই বাঁধ থেকে নদীতে নামার সিঁড়িটি পুরোপুরি ধসে গেছে। ওই এলাকায় ধস এখনও অব্যাহত আছে।

স্থানীয় বাসিন্দা মাসুদ হোসেন জানান, প্রতিদিনই নতুন নতুন ব্লক ধসে যাচ্ছে। ব্লকের নিচে কোনো জিও ব্যাগ নেই। দ্রুত জিও ব্যাগ ফেলে ধস ঠেকানো দরকার। তা না হলে সেতুটি ভাঙনের ঝুঁকিতে পড়বে।

গড়াই নদীর ওপর শেখ রাসেল কুষ্টিয়া-হরিপুর সংযোগ সেতু নির্মাণের জন্য ২০১৭ সালে এই প্রতিরক্ষা বাঁধ নির্মাণ করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

এলজিইডির কুষ্টিয়া কার্যালয়ের প্রকৌশলী জাহিদুর রহমান মণ্ডল বলেন, ‘আপাত দৃষ্টিতে এবং স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে মনে হয়েছে, যেখানে ধস নেমেছে, ওই জায়গা বরাবর নদীতে পাউবোর একটি ড্রেজার দাড়ানো ছিল তিন দিন।’ নিচ থেকে বালু সরে গিয়ে এই জায়গায় ধস শুরু হয়। প্রতিরক্ষা বাঁধের ডিজাইনে নদীর বেডে নদীর দিকে দুই মিটার এবং বাঁধের দিকে দেড় মিটার করে জিও ব্যাগ ফেলা হয়।

কিন্তু ধসে যাওয়া ব্লকের নিচে কোনো জিও ব্যাগ দেখা যাচ্ছে না কেন, জানতে চাইলে তিনি বলেন, স্কাউরিংয়ে বালুর বস্তা নদীতে সরে গিয়ে থাকতে পারে।
তিনি আরও বলেন, কুষ্টিয়া অফিস থেকে পাঠানো প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলীর দপ্তর তার কাছে আরও কিছু তথ্য চেয়েছে, তিনি পাঠিয়েছেনও। তিনি আশা করছেন, শীঘ্রই সংস্কারের বিষয়ে সিদ্ধান্ত নিতে ঢাকা থেকে বিশেষজ্ঞ দল আসবে।

এদিকে নতুন করে ধসের জায়গা বরাবর মাঝ নদীতে ড্রেজারে বালু তোলা হচ্ছে। সেখান থেকে পাইপের মাধ্যমে সেতুর হরিপুর অংশের শেষ মাথা বরাবর মোঃ আনোয়ার হোসেন ও তার শরিকদের ডোবা জমিতে বালু ফেলা হয়েছে।

আনোয়ার হোসেন পাউবোতে ড্রেজার মেশিনের পাইপ লাইন স্থাপনের শ্রমিকদের সুপারভাইজার। তিনি বলেন, ‘পাউবো নদী থেকে তোলা বালু ফেলার জায়গা পাচ্ছে না। তাই আমাদের অনুরোধ করলে আমরা ডোবা ভরাট করতে রাজি হয়েছি।’

কুষ্টিয়ায় পাউবোর ড্রেজার বিভাগের নির্বাহী প্রকৌশলী তাজমীর

হোসেন বলেন, প্রায় ৬০০ কোটি টাকার গড়াই নদী খনন ও তীর সংরক্ষণ প্রকল্পের কাজ চলছে। তৃতীয় বছরের মতো এবারও শুষ্ক মৌসুমের খনন শুরু হয়েছে। খননের জন্য টাস্কফোর্স কমিটির উদ্যোগে যৌথ সার্ভে করা হয়েছে।

সার্ভে অনুযায়ী, নদীর ৪৪ কিলোমিটার খনন শুরু হয়েছে। এখানে শুধু শেখ রাসেল সেতু নয়, অনেকগুলো সেতু রয়েছে। সেতুর যাতে কোনো ক্ষতি না হয় সেদিকে খেয়াল রেখেই কাজ চলছে। সেতুর অনেক দূরে নদীর মাঝ বরাবর খনন চলছে।

তিনি আরও বলেন, ‘আমরা যে ড্রেজার দিয়ে কাজ করছি, তা আধুনিক মানের। এটি নদীর তলদেশের মাটির নকশা মোতাবেক কেটে এগোতে থাকে। এতে ধসে যাওয়ার কোনো সুযোগ নেই।’

সেতুটির দৈর্ঘ্য ৬০৪ মিটার ও প্রস্থ ৬ দশমিক ১ মিটার। এটি নির্মাণে ব্যয় হয় ৭৮ কোটি টাকা। ২০১৭ সালে সেতুটি উদ্বোধন করা হয়।

কুষ্টিয়ায় শিশু কেন্দ্রীক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ’র উদ্বোধন

কুষ্টিয়ায় “তথ্য-উপাত্ত নির্ভর শিশু কেন্দ্রীক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ”র উদ্বোধন করা হয়েছে।

বুধবার দিনব্যাপী সার্কিট হাউজ সভাকক্ষে এ প্রশিক্ষণের উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসন ও স্থানীয় সরকার, কুষ্টিয়ার আয়োজনে, ইউনিসেফ বাংলাদেশের সহযোগিতায় এবং জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি) বাস্তবায়নে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথ

কার্যক্রম দিনব্যাপী প্রশিক্ষণে সভাপতিত্ব করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউটের (এনআইএলজি) পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শক) যুগ্ম সচিব মোঃ বোরহান উদ্দিন ভূঁঞা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগ কুষ্টিয়ার উপ-পরিচালক(উপ-সচিব) মৃনাল কান্তি দে।

প্রশিক্ষণে কুষ্টিয়ার বিভিন্ন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

জেলা রেজিস্ট্রার অফিস পরিদর্শন করলেন ডিসি

কুষ্টিয়া জেলা রেজিস্ট্রার অফিস পরিদর্শন করেছেন জেলা প্রশাসক মো.আসলাম হেসেন। গতকাল বুধবার দুপুরে তিনি জেলা রেজিস্ট্রারের কার্যালয়ে যান। সেখানে তাকে ফুল দিয়ে বরণ করে নেন জেলা রেজিস্ট্রার কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ।

এ সময় তিনি কার্যালয়ের বিভিন্ন কক্ষ ঘুরে ঘুরে দেখেন এবং বিভিন্ন সমস্যার সমাধান এর নির্দেশনা দেন।

এ সময় তার সাথে উপস্থিত ছিলেন জেলা রেজিস্ট্রার প্রভাকর সাহা, সদর সাব-রেজিস্ট্রার সুব্রত কুমার সিংহ, কুমারখালী সাব-রেজিস্ট্রার মকছু মিয়া, দৌলতপুর সাব-রেজিস্ট্রার বিলকিছ আরা, জেলা রেজিস্ট্রার কার্যালয়ের প্রধান সহকারী ইব্রাহিম হোসেন, সদর অফিস সহকারী রফিকুল ইসলামসহ নির্বাহী ম্যাজিস্ট্রেট আহমেদ সাদাত উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে জেলা প্রশাসক আসলাম হোসেন বলেন, এখন থেকে রেজিস্ট্রি অফিসে যে সকল জমি রেজিস্ট্রি হবে তার দলিল তৈরি করার